পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

স্মারক নং- পসব্য/প্রকা/প্রশা-১১২/২০২০-২১/৪১৫৫ তারিখঃ ১১/০৪/২০২১খ্রি.

০১। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।

০২। ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

**বিষয়ঃ মাঠ কার্যালয়ের কর্মচারীদের পারফরমেন্সের ভিত্তিতে পুরস্কার প্রদান প্রসঙ্গে।**

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ আমার বাড়ি আমার খামার প্রকল্পের প্রাতিষ্ঠানিক রূপ পল্লী সঞ্চয় ব্যাংক সারাদেশে সুবিধাবঞ্চিত দরিদ্র মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। ব্যাংকের লক্ষ্য-উদ্দেশ্য বাস্তবায়নে মাঠ পর্যায়ে কর্মীদের স্বত:স্ফূর্ত কর্মউদ্যোগ আরও গতিশীল করার লক্ষ্যে পরিচালনা বোর্ডের ০১/০৪/২০২১ তারিখে অনুষ্ঠিত ৬১তম সভায় শাখা, অঞ্চল এবং মাঠ সহকারীর পারফরমেন্সের ভিত্তিতে পুরস্কার প্রদানের একটি নীতিমালা অনুমোদন করেছে যা এতদসঙ্গে আপনাদের অবগতির জন্য প্রেরণে করা হলো। ২০২০-২১ অর্থবছরের ৩০ জুন, ২০২১ তারিখে কর্মকর্তা-কর্মচারীদের পারফরমেন্সের ভিত্তিতে নীতিমালা মোতাবেক মূল্যায়ন করে পুরস্কার প্রদান করা হবে। চলতি অর্থ বছর শেষ হতে বাকী আছে ৩ মাস। এ সময়ের মধ্যে সকলে আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করে পারফরমেন্স উন্নত করে পুরস্কারের জন্য নির্বাচিত হওয়া তথা ব্যাংকের লক্ষ্য উদ্দেশ্য বাস্তবায়নে নিরলসভাবে কাজ করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩০ জুন, ২০২১ প্রকল্প বিলুপ্তির পর ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদিসহ পরিচালনগত ব্যয় ব্যাংক হতে বহন করতে হবে। একজন মাঠ সহকারীর অধীনে বছরে ন্যূনতম ১ কোটি টাকা বিনিয়োগ এবং আদায় না হলে ঐ মাঠ সহকারীরসহ ঐ শাখার কর্মকর্তা-কর্মচারীদের বেতন প্রদান করা ব্যাংকের পক্ষে সম্ভব হবেনা। ২০২০-২১ অর্থবছরের জন্য অঞ্চল ও শাখাসমূহে ঋণ বিতরণ, ঋণ আদায়, আমানত সংগ্রহ, মুনাফা ইত্যাদি খাতে প্রদানকৃত বরাদ্দের ১০০% অর্জন করতে হবে। পাশাপাশি ৩০ জুন, ২০২১ তারিখে মেয়াদোর্ত্তীণ ঋণের হার ২০% এর নীচে নামিয়ে আনতে হবে। যে সকল অঞ্চল ও শাখা উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হবে ঐ সকল অঞ্চল ও শাখার কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতাদি বন্ধসহ তাদের বিরুদ্ধে অদক্ষতার অভিযোগে ব্যবস্থা গ্রহণ ছাড়া গত্যন্তর থাকবে না। বিষয়টি আপনাদের জ্ঞাতার্থে অবহিত করা হলো।

এমতাবস্থায়, আগামী ৩ মাসে যাতে সকল মাঠ সহকারী, জুনিয়র অফিসার (মাঠ), শাখা ও অঞ্চলের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণ করে মেয়াদোর্ত্তীণ ঋণ ২০% এর নীচে নামিয়ে আনা যায় এ বিষয়ে সমষ্টিগত/ব্যক্তিগত কলা-কৌশল অবলম্বন করার জন্য আপনাদের অনুরোধ করা হলো।

১১.৪.২১

(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল কর্মকর্তা-কর্মচারী, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। সকল কর্মকর্তা-কর্মচারী, পল্লী সঞ্চয় ব্যাংক,সকল জেলা কার্যালয়/শাখাসমূহ।
০৬। অফিস কপি।

পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ায় (লেভেল-৮)
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

# উৎসাহমূলক পুরস্কার প্রদানের লক্ষ্যে শাখা, অঞ্চল এবং মাঠ সহকারীর Performance মূল্যায়নের মানদন্ড নির্ধারণ সংক্রান্ত নীতিমালা,২০২১

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সানুগ্রহে ২০১৪ সালে প্রতিষ্ঠিত পল্লী সঞ্চয় ব্যাংক সারাদেশে সুবিধাবঞ্চিত দরিদ্র মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। ব্যাংকের লক্ষ্য-উদ্দেশ্য বাস্তবায়নে মাঠ পর্যায়ে কর্মীদের স্বত:স্ফূর্ত কর্মউদ্যোগ আরও গতিশীল করার লক্ষ্যে কর্ম-মূল্যায়নের ভিত্তিতে শ্রেষ্ঠ শাখা, অঞ্চল এবং সেরা কর্মী নির্বাচনের মাধ্যমে পুরস্কার প্রদানের লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংকের ০১/০৪/২০২১ তারিখের অনুষ্ঠিত ৬১তম বোর্ড সভায় একটি নীতিমালা অনুমোদন করেছে যা ব্যাংকের পারফরমেন্স উন্নয়নের লক্ষ্যে এক ইতিবাচক ভূমিকা রাখবে। প্রাতিষ্ঠানিকভাবে এমন উদ্যোগ বাস্তবায়ন একদিকে কর্মীদের মধ্যে নিজের শ্রেষ্ঠত্ব প্রমাণে কাজের গুণগত মান ও আগ্রহ বৃদ্ধি পাবে; অপরদিকে প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনের পথ সুগম হবে। পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত নীতিমালা নিম্নরূপঃ

## ১। শাখার গ্রেডিং।-

শাখা অফিস, অঞ্চল এবং মাঠ সহকারীদের performance সঠিকভাবে মূল্যায়ন করতে হলে শাখার গ্রেডিং করা প্রয়োজন। অধিকাংশ শাখার ঋণ যেহেতু খেলাপি সেহেতু খেলাপি ঋণের ভিত্তিতে শাখাগুলোকে ০৩ টি গ্রেডে ভাগ করা হবে।

- ২০% পর্যন্ত খেলাপি ঋণের শাখাসমূহ 'এ' গ্রেডভূক্ত।
- ২১%-৩০% পর্যন্ত খেলাপি ঋণের শাখাসমূহ 'বি' গ্রেডভূক্ত।
- ৩০% এর উর্ধ্বে খেলাপি ঋণের শাখাসমূহ 'সি' গ্রেডভূক্ত।

## ২। শাখার নির্বাচন পদ্ধতি।-

সমস্যাবহুল শাখায় অধিক পরিশ্রম করেও ঋণ আদায় কাংখিত লক্ষ্যে পৌঁছানো কঠিন হয়ে পড়ে। ঋণ আদায়কে মূল মানদন্ড হিসেবে বিবেচনা করা হয় বলে এ ধরনের শাখা ও শাখার মাঠ সহকারীর performance মূল্যায়নে পুরস্কার প্রাপ্তির জন্য নির্বাচিত হতে পারা কঠিন। তাছাড়া অধিক পরিমাণ খেলাপি ঋণ আছে এমন শাখার আদায় হার কম এবং কম খেলাপি ঋণ আছে এমন শাখাসমূহের আদায় হার তুলনামূলক বেশী। সে কারণে শাখাসমূহকে গ্রেডিংভুক্ত করার প্রেক্ষিতে সকল পর্যায়ের শাখা ও মাঠ সহকারীদের পুরস্কারের জন্য নির্বাচন করা সহজ হবে। প্রতি গ্রেড থেকে ১৫টি করে মোট ৪৫টি শাখাকে পুরস্কারের জন্য নির্বাচন করা হবে। তেমনিভাবে গ্রেডভুক্ত শাখাসমূহের মধ্যে হতে ১৫ জন করে মোট ৪৫ জন মাঠ সহকারীকে পুরস্কারের জন্য নির্বাচিত করা হবে। যদি নির্বাচিত শাখার কোন মাঠ সহকারী পৃথকভাবে পুরস্কারের জন্য নির্বাচিত হন সে ক্ষেত্রে তিনি শাখায় পুরস্কারের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবেন।

## ৩। নির্বাচিত শাখা ও কর্মীদের পুরস্কার প্রদান পদ্ধতি।-

শাখার সার্বিক performance এর ভিত্তিতে পুরস্কারের জন্য শাখা নির্বাচন ও মাঠ সহকারীদের ব্যক্তিগত performance এর ভিত্তিতে মাঠ সহকারী নির্বাচন করে উৎসাহমূলক পুরস্কার প্রদান করা হবে। কোন শাখা পুরস্কারের জন্য নির্বাচিত হলে নির্ধারিত অর্থ সকল কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সমহারে বন্টন করা হবে। নির্বাচিত শাখাকে পুরস্কারের জন্য ৭৫,০০০/- টাকা প্রদান করা হবে। মাঠ সহকারী নির্বাচনের ক্ষেত্রে ব্যবস্থাপক তার শাখার সর্বোচ্চ performance অর্জনকারী ০২ জন মাঠ সহকারীর (ব্যবস্থাপক ছাড়া) নামের তালিকা জেলা কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয় পাঠাবেন। প্রাপ্ত তালিকায় উল্লেখিত মাঠ সহকারীদের অনুকূলে অনুমোদিত মানদণ্ড অনুযায়ী মান বণ্টনের পর মানের ক্রমানুযায়ী প্রতি গ্রেড থেকে ১৫ জন করে মোট ৪৫ জন মাঠ সহকারী নির্বাচন করা হবে। প্রত্যেক মাঠ সহকারীকে পুরস্কার হিসেবে নগদে ২০,০০০/- টাকা প্রদান করা হবে।

## ৪। নির্বাচিত অঞ্চল নির্বাচন পদ্ধতি।-

পুরস্কারের জন্য নির্বাচিত শাখার পাশাপাশি অঞ্চলের performance মূল্যায়ণ করে অর্জিত মানের ক্রমানুযায়ী ০৮টি অঞ্চল (প্রতি বিভাগ একটি অঞ্চল) নির্বাচন করে নির্বাচিত অঞ্চলের প্রধানদেরকেও ২০,০০০/- করে পুরস্কার প্রদান করা হবে।

## ৫। পুরস্কার।-

নির্বাচিত অঞ্চল প্রধান, নির্বাচিত শাখার ব্যবস্থাপক এবং নির্বাচিত মাঠ সহকারীদের পুরস্কার হিসেবে নগদে টাকা ছাড়াও একটি করে সম্মাননাপত্র এবং পদোন্নতির ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ পদোন্নতি কমিটি কর্তৃক প্রাপ্য নম্বরের সাথে অতিরিক্ত ০৫ নম্বর যোগ করা হবে। যা পরবর্তী ০৩ বছর পর্যন্ত কার্যকর থাকবে।

## ৬। নির্বাচনের মানদন্ড।–

অর্জিত সাফল্যের স্বীকৃতিস্বরুপ নির্বাচিত শাখা, অঞ্চল এবং মাঠ সহকারী নির্বাচনের মানদন্ড নিম্নে বর্ণিত হলো, যথা:-

### (ক) শাখা নির্বাচনের মানদন্ড

**(১) ঋণ বিতরণ:**

(ক) সর্বোচ্চ ঋণ বিতরণকারী শাখার জন্য প্রাপ্য নম্বর হবে -১০। অন্যান্য শাখা আনুপাতিক হারে নম্বর পাবে।
(খ) লক্ষ্যমাত্রার বিপরীতে শতকরা হারে সর্বোচ্চ ঋণ বিতরণী শাখার জন্য প্রাপ্য নম্বর হবে -১০ । অন্যান্য শাখা আনুপাতিক হারে নম্বর পাবে।

**(২) আদায়যোগ্য ঋণের বিপরীতে আদায়:**

(ক) আদায়যোগ্য ঋণের বিপরীতে আদায় হার ১০০% হলে প্রাপ্য নম্বর হবে-২০। আদায় হার ১০০% এর কম হলে সংশ্লিষ্ট শাখা আনুপাতিক হারে পাবে।
(খ)খেলাপী ঋণ হ্রাসকরণ (পরিমাণ) ;
(১) সর্বোচ্চ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ হ্রাস করণের শাখা প্রাপ্য নম্বর হবে -১০ । অন্যান্য শাখা তাদের অর্জনের আনুপাতিক হারে নম্বর পাবে (খেলাপী ঋণের প্রারম্ভিক স্থিতি- খেলাপী ঋণের সমাপনী স্থিতি)।
(২) খেলাপী ঋণ হ্রাসকরণ (শতকরা হারে): হারের দিক থেকে সর্বোচ্চ খেলাপী ঋণ হ্রাসকারী শাখার জন্য নম্বর -১০। অন্যান্য শাখা আনুপাতিক হারে পাবে।

$$\text{খেলাপী ঋণ হ্রাসের হার} = \frac{\text{খেলাপী ঋণের প্রারম্ভিক স্থিতি-খেলাপী ঋণের সমাপনী স্থিতি}}{\text{খেলাপী ঋণের প্রারম্ভিক স্থিতি}} \times ১০০$$

**(৩) আমানত সংগ্রহ:** সর্বোচ্চ পরিমাণ (সকল আমানত) আমানত সংগ্রহকারী শাখার জন্য প্রাপ্য নম্বর হবে -১০। অন্যান্য শাখা আনুপাতিক হারে নম্বর পাবে।

**(৪) সমিতি সংক্রান্ত:**

(ক) প্রতি শাখায় ১০০% সমিতিতে ৬০ জন করে সদস্য অন্তর্ভুক্ত থাকলে প্রাপ্য নম্বর হবে-১০। ১০০% এর কম হলে আনুপাতিক হারে নম্বর পাবে।
(খ) শাখার মোট সদস্যের ১০০% সক্রিয় সদস্য হলে প্রাপ্য নম্বর হবে -১০। ১০০% এর কম হলে আনুপাতিক হারে নম্বর পাবে।

**(৫) মুনাফার প্রবৃদ্ধি:** সর্বোচ্চ মুনাফার প্রবৃদ্ধি অর্জনকারী শাখার জন্য প্রাপ্য প্রাপ্য নম্বর হবে- ১০ । অন্যান্য শাখা আনুপাতিক হারে নম্বর পাবে। মুনাফা প্রবৃদ্ধি = চলতি বছরের মুনাফা-গত বছরের মুনাফা (+/-)।

### (খ) অঞ্চল নির্বাচনের মানদণ্ড:

**(১)ঋণ বিতরণ:**

(ক) সর্বোচ্চ ঋণ বিতরণকারী অঞ্চলের জন্য প্রাপ্য নম্বর হবে -১০। অন্যান্য অঞ্চল আনুপাতিক হারে নম্বর পাবে।
(খ) লক্ষ্যমাত্রার বিপরীতে শতকরা হারে সর্বোচ্চ ঋণ বিতরণী অঞ্চলের জন্য প্রাপ্য নম্বর হবে-১০। অন্যান্য অঞ্চল আনুপাতিক হারে নম্বর পাবে।

## (২) আদায়যোগ্য ঋণের বিপরীতে আদায়:

(ক) আদায়যোগ্য ঋণের বিপরীতে অঞ্চলের আদায় হার ১০০% হলে প্রাপ্য নম্বর হবে-২০ । আদায় হার ১০০% এর কম হলে সংশ্লিষ্ট অঞ্চল আনুপাতিক হারে নম্বর পাবে।

(১) খেলাপী ঋণ হ্রাসকরণ (পরিমাণ) -

(২) সর্বোচ্চ খেলাপী ঋণ হ্রাসকরণের অঞ্চলের প্রাপ্য নম্বর হবে--১০। অন্যান্য অঞ্চল তাদের অর্জনের আনুপাতিক হারে নম্বর পাবে (খেলাপী ঋণের প্রারম্ভিক স্থিতি- খেলাপী ঋণের সমাপনী স্থিতি)

(৩) খেলাপী ঋণ হ্রাসকরণ (শতকরা হারে): হারের দিক থেকে সর্বোচ্চ খেলাপী ঋণ হ্রাসকারী অঞ্চলের জন্য নম্বর -১০। অন্যান্য অঞ্চল আনুপাতিক হারে পাবে।

$$\text{খেলাপী ঋণ হ্রাসের হার} = \frac{\text{খেলাপী ঋণের প্রারম্ভিক স্থিতি-খেলাপী ঋণের সমাপনী স্থিতি}}{\text{খেলাপী ঋণের প্রারম্ভিক স্থিতি}} \times ১০০$$

**(৩) আমানত সংগ্রহ:** সর্বোচ্চ পরিমাণ (সকল আমানত) আমানত সংগ্রহকারী অঞ্চলের জন্য প্রাপ্য নম্বর হবে- ১০। অন্যান্য অঞ্চল আনুপাতিক হারে নম্বর পাবে।

## (৪) সমিতি সংক্রান্ত:

(ক) প্রতি অঞ্চলে ১০০% সমিতিতে ৬০ জন করে সদস্য অন্তর্ভুক্ত থাকলে প্রাপ্য নম্বর হবে- ১০। ১০০% এর কম হলে আনুপাতিক হারে নম্বর পাবে।

(খ)অঞ্চলের মোট সদস্যের ১০০% সক্রিয় সদস্য হলে প্রাপ্য নম্বর হবে- ১০। ১০০% এর কম হলে আনুপাতিক হারে নম্বর পাবে।

**(৫) মুনাফার প্রবৃদ্ধি:** সর্বোচ্চ মুনাফার প্রবৃদ্ধি অর্জনকারী অঞ্চলের জন্য প্রাপ্য নম্বর হবে- ১০ । অন্যান্য অঞ্চল আনুপাতিক হারে নম্বর পাবে । মুনাফা প্রবৃদ্ধি = চলতি বছরের মুনাফা-গত বছরের মুনাফা (+/-)।

## (গ) মাঠ সহকারী নির্বাচনের মানদণ্ড:

## (১) ঋণ বিতরণ:

(ক) সর্বোচ্চ ঋণ বিতরণকারী মাঠ সহকারীর জন্য প্রাপ্য নম্বর হবে -১০ । অন্যান্য মাঠ সহকারী আনুপাতিক হারে নম্বর পাবে।

(খ) লক্ষ্যমাত্রার বিপরীতে শতকরা হারে সর্বোচ্চ ঋণ বিতরণী মাঠ সহকারীর জন্য প্রাপ্য নম্বর হবে-১০। অন্যান্য মাঠ সহকারী আনুপাতিক হারে নম্বর পাবে।

## (২) আদায়যোগ্য ঋণের বিপরীতে আদায়:

(ক)আদায়যোগ্য ঋণের বিপরীতে মাঠ সহকারীর আদায় হার ১০০% হলে প্রাপ্য নম্বর হবে-২০। আদায় হার ১০০% এর কম হলে সংশ্লিষ্ট মাঠ সহকারী আনুপাতিক হারে নম্বর পাবে।

(খ) খেলাপী ঋণ হ্রাসকরণ (পরিমাণ)-

(১) সর্বোচ্চ খেলাপী ঋণ হ্রাসকরণের মাঠ সহকারীর প্রাপ্য নম্বর হবে-১০ । অন্যান্য মাঠ সহকারী তাদের অর্জনের আনুপাতিক হারে নম্বর পাবে (খেলাপী ঋণের প্রারম্ভিক স্থিতি- খেলাপী ঋণের সমাপনী স্থিতি) ।

(২) খেলাপী ঋণ হ্রাসকরণ (শতকরা হারে): হারের দিক থেকে সর্বোচ্চ খেলাপী ঋণ হ্রাসকারী মাঠ সহকারীর জন্য প্রাপ্য নম্বর হবে -১০ । অন্যান্য মাঠ সহকারী আনুপাতিক হারে পাবে।

$$\text{খেলাপী ঋণ হ্রাসের হার} = \frac{\text{খেলাপী ঋণের প্রারম্ভিক স্থিতি-খেলাপী ঋণের সমাপনী স্থিতি}}{\text{খেলাপী ঋণের প্রারম্ভিক স্থিতি}} \times ১০০$$

**(৩) আমানত সংগ্রহ:** সর্বোচ্চ পরিমাণ (সকল আমানত) আমানত সংগ্রহকারী মাঠ সহকারীর জন্য প্রাপ্য নম্বর হবে-১০। অন্যান্য মাঠ সহকারী আনুপাতিক হারে নম্বর পাবে।

## (৪) সমিতি সংক্রান্ত:

**(ক)** প্রত্যেক মাঠ সহকারীর ১০০% সমিতিতে ৬০ জন করে সদস্য অন্তর্ভুক্ত থাকলে প্রাপ্য নম্বর হবে- ১০। ১০০% এর কম হলে আনুপাতিক হারে নম্বর পাবে।

(খ) মাঠ সহকারীর মোট সদস্যের ১০০% সক্রিয় সদস্য হলে প্রাপ্য নম্বর হবে -১০ । ১০০% এর কম হলে আনুপাতিক হারে নম্বর পাবে ।

**(৫) মুনাফার প্রবৃদ্ধি:** সর্বোচ্চ মুনাফার প্রবৃদ্ধি অর্জনকারী মাঠ সহকারীর জন্য প্রাপ্য নম্বর হবে- ১০। অন্যান্য মাঠ সহকারী আনুপাতিক হারে নম্বর পাবে । মুনাফা প্রবৃদ্ধি = চলতি বছরের মুনাফা-গত বছরের মুনাফা (+/-)।

এভাবে শ্রেষ্ঠ কর্মী, শাখা ও অঞ্চল নির্বাচনের পাশাপাশি আগামী ৩ বছর পর্যন্ত নিম্নোক্তভাবে কর্মীদের পুরস্কার/আর্থিক প্রণোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১. প্রতি জেলা হতে সবচেয়ে বেশী ঋণ বিতরণ ও আদায়ে সমর্থ মাঠ সহকারীদের (জেলার আয়তন অনুযায়ী ৩ হতে ১০ জন) দুই মাসের মূল বেতনের সমপরিমান অর্থ বোনাস আকারে প্রদান;
২. প্রতি জেলা হতে সবচেয়ে বেশী ঋণ বিতরণ ও আদায়ে সমর্থ দুইজন জুনিয়র অফিসার (মাঠ) (যদি কোন জুনিয়র অফিসারের আওতাধীন অন্তত ২ জন মাঠ সহকারী পুরস্কারের জন্য মনোনীত হয়) কে এক মাসের মূল বেতনের সমপরিমান অর্থ বোনাস আকারে প্রদান;
৩. জাতীয়ভাবে সবচেয়ে বেশী ঋণ বিতরণ ও আদায়ে সমর্থ ২০টি শাখা ব্যবস্থাপককে দুই মাসের মূল বেতনের সমপরিমান অর্থ বোনাস আকারে প্রদান;
৪. পুরস্কার প্রাপ্তদের ঢাকায় আনুষ্ঠানিকভাবে পুরস্কার, সম্মাননা ক্রেস্ট প্রদানের ব্যবস্থা করা।
৫. ব্যবস্থাপনা পরিচালক সময় সময় নীতিমালা/সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন করতে পারবেন।

১২.৪.২১
(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক

১২/৪/২০২১
মোঃ ইসমাইল মিয়া
সহকারী মহাব্যবস্থাপক